দৈনিক জনকণ্ঠ

25

তারিখ ... AUG. 02 1999

পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ১

সাতক্ষীরা মহিলা কলেজ

# ঐক্য পরিষদ নেত্রীকে এ্যাসিডে মুখ ঝলসে দেয়ার হুমকি

সাতক্ষীরা, ১ আগস্ট, নিজস্ব সংবাদদাতা ॥ সাতক্ষীরা সরকারী মহিলা কলেজের সাধারণ ছাত্রী ঐক্য পরিষদের আহ্বায়িকা শরিফা নাসরিনের মুখ এ্যাসিডে ঝলসে দেয়ার হুমকি দেয়া হয়েছে। অধ্যক্ষের অপসারণের দাবিতে আন্দোলনরত সাধারণ ছাত্রীরা এই হুমকির প্রতিবাদে শনিবার কলেজে বিক্ষোপ মিছিল করে। ছাত্রীদের আন্দোলন ও দাবির মুখে গত ১৬ দিন ধরে সরকারী মহিলা কলেজ বন্ধ রয়েছে। সাধারণ ছাত্রী ঐক্য পরিষদের আহ্বায়িকা শরিফা নাসরিন শনিবার সাংবাদিকদের জানান, শুক্রবার এক সন্ত্রাসী শরিফার গ্রামের বাড়ি আশাশুনি থানার মহিষকুড় গ্রামে গিয়ে তার পিতাকে এই হুমকি দিয়ে আসে। কলেজ হোস্টেল থেকে শরিফাকে বাড়ি নিয়ে না গেলে এবং আন্দোলন বন্ধ করা না হলে সাতক্ষীরা শহরে শরিফার মুখ এ্যাসিড দিয়ে ঝলসে দেয়ার হুমকি দেয়া হয়।

এদিকে এই ঘটনার প্রতিবাদে সাধারণ ছাত্রীরা কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিলসহ অধ্যক্ষের অপসাণের দাবি করে। কলেজের ২৫ শিক্ষক ইতোমধ্যে অধ্যক্ষের বিরুদ্ধে ২৩ দফা অভিযোগ এনে শিক্ষা সচিবের কাছে আবেদন করেন। কলেজ অধ্যক্ষ গত ২০ জুলাই একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত ছাড়াই কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেন। কলেজ বন্ধের সময় থেকে ছাত্রীদের হল ছেড়ে যাওয়ার জন্য নির্দেশ দেয়া হলেও সাধারণ ছাত্রীরা ছাত্রী নিবাস ছেড়ে যায়নি।